



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.১৮-৬৭৮

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫
১৪ নভেম্বর ২০১৮


বিষয়: একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকার সকল প্রকার প্রচার সামগ্রী অপসারণ

সূত্র: (১) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.১৮-৬৫৭ তারিখ: ১১ নভেম্বর ২০১৮
(২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.১৮-৬৪১ তারিখ: ০৮ নভেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সারাদেশে পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল, আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী বা প্রচার সামগ্রী সদৃশ অনুরূপ সামগ্রী বা দ্রব্যাদি অথবা নির্বাচনি ক্যাম্প ১৫ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২.০০ ঘটিকার পূর্বে অপসারণের জন্য মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত কোথাও কোথাও প্রচার সামগ্রী বিদ্যমান রয়েছে। অপরদিকে মাননীয় নির্বাচন কমিশন নির্বাচনের সময়সূচি পুনঃনির্ধারণ করে ২৮ নভেম্বর ২০১৮ তারিখে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ নির্ধারণ করেছেন। এসব দিক বিবেচনা করে ১৮ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও পুলিশ কর্তৃপক্ষের সহায়তায় উক্তরূপ প্রচার সামগ্রী অপসারণের জন্য মাননীয় নির্বাচন কমিশন পুনরায় নির্দেশ প্রদান করেছেন। একই সময়ে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে নির্দেশনা জারীর মাধ্যমে সকল বেসরকারী অফিস/প্রতিষ্ঠান বা বাসবাসের জন্য অথবা ব্যক্তি মালিকানাধীন সকল ভবন/স্থাপনা/বাড়ী হতে নিজ দায়িত্বে ও নিজ খরচে উল্লিখিত প্রচারসামগ্রী অপসারণের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, ১৮ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে উল্লিখিত নির্বাচনি প্রচারসামগ্রী বা প্রচার সামগ্রী সদৃশ দ্রব্যাদি/সামগ্রী অপসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সূত্রোক্ত স্মারক পত্র


(ফরহাদ আহাম্মাদ খান)
যুগ্ম সচিব (নিঃপঃ-২)

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)

E-mail: forhadakecs2015@gmail.com

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ (সকল)

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.১৮-৬৭৮

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫
১৪ নভেম্বর ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৪. বিভাগীয় কমিশনার, (সকল)[উপর্যুক্ত প্রচারনা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগপূর্বক আইনগত সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]
৫. উপ মহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd